## অধ্যায় ৯
## আমাদের জীবনে প্রযুক্তি

### ❑ এ অধ্যায়ে জানতে পারব

- দৈনন্দিন জীবনে ব্যবহৃত বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে
- কৃষিতে ব্যবহৃত বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে

### ❑ অধ্যায়টির মূলভাব জেনে নিই

যন্ত্র বা কৌশল ব্যবহার করে পরিবেশ নিয়ন্ত্রণ ও প্রয়োজনীয় কাজ সম্পাদন করাই হচ্ছে প্রযুক্তি। প্রযুক্তি আমাদের জীবনকে আরও উন্নত, সহজ এবং আরামদায়ক করে। আমাদের দৈনন্দিন জীবনে বাসস্থান, খেলাধুলা, বিনোদন, চিকিৎসাসহ নানা ক্ষেত্রে প্রযুক্তি ব্যবহৃত হয়। কৃষিক্ষেত্রে বিভিন্ন ধরনের উন্নত যন্ত্রপাতির ব্যবহার কৃষিকাজকে সহজ ও শ্রমলাঘব করেছে। রোগ প্রতিরোধী ও দ্রুত বর্ধনশীল ফসল উৎপাদনে আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহার করা হয়। বনজ সম্পদ সংগ্রহ এবং নতুন উদ্ভিদের জাত সৃষ্টিতেও প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে। প্রযুক্তি আমাদের জীবনকে সুন্দর করেছে। তাই প্রযুক্তির উন্নয়ন এবং এর যথাযথ ব্যবহারের প্রতি আমাদের সচেতন হতে হবে।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

**১. শূন্যস্থান পূরণ কর।**

১) —— আমাদের জীবনকে আরও উন্নত এবং আরামদায়ক করেছে।

২) ক্রিকেট ব্যাট একটি প্রযুক্তি যা —— ব্যবহৃত হয়।

৩) —— প্রযুক্তির উন্নয়নের ফলে ডাক্তার সহজে রোগ নির্ণয় করতে পারছেন।

**উত্তর :** ১) প্রযুক্তি, ২) খেলাধুলায়, ৩) চিকিৎসা।

**২. সঠিক উত্তরটিতে টিক চিহ্ন (✓) দাও।**

**১) নিচের কোনটি কৃষি প্রযুক্তি?**

✓ক. সেচ পাম্প খ. বেহালা

গ. ক্রিকেট ব্যাট ঘ. নাগরদেলা

**২) নিচের কোনটি সাধারণ চিকিৎসা প্রযুক্তি?**

ক. এক্স-রে যন্ত্র খ. ইলেকট্রোকার্ডিওগ্রাম

গ. আল্ট্রাসনোগ্রাফি ✓ঘ. থার্মোমিটার

**৩. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন :**

**১) খেলাধুলায় ব্যবহৃত হয় এমন ৫টি প্রযুক্তির নাম লেখ।**

**উত্তর :** খেলাধুলায় ব্যবহৃত হয় এমন ৫টি প্রযুক্তির নাম হলো ক) ফুটবল, খ) টেনিস র‍্যাকেট, গ) ক্রিকেট বল, ঘ) পোশাক ও ঙ) জুতা।

**২) বিনোদনের জন্য কী ধরনের প্রযুক্তি ব্যবহৃত হয়?**

**উত্তর :** বিনোদনের জন্য বিভিন্ন ধরনের প্রযুক্তি ব্যবহৃত হয়। এগুলোর মধ্যে কম্পিউটার প্রযুক্তি অন্যতম। কম্পিউটারের সাহায্যে বিভিন্ন ধরনের খেলা, সিনেমা বা নাটক দেখা এবং গান শোনা যায়। সংগীতের জন্য ব্যবহৃত হয় তবলা, হারমোনিয়াম, গিটার, বেহালা, পিয়ানো, সিডি ও ডিভিডি প্লেয়ার ইত্যাদি। বিনোদন কেন্দ্রে রয়েছে নাগরদোলা, রোলার কোস্টার ইত্যাদি।

**৩) চিকিৎসা প্রযুক্তির সুবিধা কী কী?**

**উত্তর :** চিকিৎসা প্রযুক্তির সুবিধাগুলো হলো -

ক) সহজে রোগ নির্ণয় করা যায়।

খ) শরীরের ভেতরের অঙ্গসমূহ পরীক্ষা করা যায়।

গ) রোগীকে উন্নত চিকিৎসা প্রদান করা যায়।

ঘ) অনেক জটিল রোগের চিকিৎসা প্রদান করা যায়।

**৪. বর্ণনামূলক প্রশ্ন :**

**১) কৃষি প্রযুক্তির উন্নয়ন কীভাবে আমাদের সহায়তা করে?**

**উত্তর :** বিভিন্ন রকম কৃষিকাজে, ফসল উৎপাদনে এবং বনজ সম্পদ সংগ্রহ ও নতুন জাত সৃষ্টিতে কৃষি প্রযুক্তি ব্যবহৃত হয়। কৃষি প্রযুক্তির উন্নয়ন আমাদের কৃষিকাজে যেসব সহায়তা করে তা হলো-

ক) বিভিন্ন রকম উন্নত কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে স্বল্প সময়ে মানুষ অধিক ফসল উৎপাদন ও প্রক্রিয়াজাত করতে পারে। এসব উন্নত কৃষি যন্ত্রপাতি হলো- ট্রাক্টর, নিড়ানীযন্ত্র, সেচপাম্প, রোপণযন্ত্র, ফসল কাটার যন্ত্র ইত্যাদি।

খ) রোগ ও কীটপতঙ্গ প্রতিরোধী এবং দ্রুত বর্ধনশীল ফসল উৎপাদনে আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহার করা হয়। উন্নত প্রযুক্তি ব্যবহার করে উচ্চ ফলনশীল ধান, গম এবং আলু উদ্ভাবন করা হয়েছে।

গ) বনজ সম্পদ সংগ্রহ এবং নতুন উদ্ভিদের জাত সৃষ্টিতেও প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে। যান্ত্রিক করাতের সাহায্যে সহজেই গাছ কেটে কাঠ সংগ্রহ করা যায়। বিশেষ বৈশিষ্ট্য সম্পন্ন উদ্ভিদ সৃষ্টিতেও প্রযুক্তি ব্যবহার করা হয়।

**২) বাসস্থানে প্রযুক্তি কীভাবে আমাদের জীবনকে সুন্দর করছে?**

**উত্তর :** বাসস্থানে নানা ধরনের প্রযুক্তির ব্যবহার আমাদের জীবনকে সুন্দর করেছে।

বাসস্থানে যেসব প্রযুক্তি ব্যবহৃত হয়, সেগুলোর মধ্যে রয়েছে বৈদ্যুতিক বাতি, ইস্ত্রি, বৈদ্যুতিক পাখা, টেলিভিশন, রেডিও মোবাইল ফোন, কম্পিউটার ইত্যাদি। রান্নাঘরেও নানা ধরনের প্রযুক্তি ব্যবহৃত হয়। যেমন- গ্যাসের চুলা, রেফ্রিজারেটর, রাইস কুকার. মাইক্রোওয়েভ ওভেন ইত্যাদি। বৈদ্যুতিক বাতি রাতের অন্ধকার দূর করে আলো দেয়। বৈদ্যুতিক পাখা গরমে আমাদের শরীরকে ঠান্ডা রাখে, মোবাইল ফোনের সাহায্যে আমরা যেকোনো মুহূর্তে অন্যের সাথে যোগাযোগ করতে পারি। কম্পিউটার ব্যবহারের মাধ্যমে শিক্ষা, বিনোদনসহ নানা রকম সুবিধা পেতে পারি। রান্নাঘরে গ্যাসের চুলা, রাইস কুকার ও মাইক্রোওয়েভ ওভেন ব্যবহার করে সহজে অল্প সময়ে রান্না করা সম্ভব হয়। রেফ্রিজারেটরে কাঁচা খাদ্য অনেক দিন সংরক্ষণ করা যায়। তাই বলা যায়, বাসস্থানে নানা রকম প্রযুক্তির ব্যবহার আমাদের জীবনকে সুন্দর করেছে।

**৫. বামপাশের শব্দের সাথে ডানপাশের শব্দের মিল কর।**

| | |
|---|---|
| কৃষি প্রযুক্তি | ফুটবল |
| চিকিৎসা প্রযুক্তি | ট্রাক্টর |
| খেলাধুলা প্রযুক্তি | ভিডিও গেম |
| রান্নাঘরের প্রযুক্তি | স্টেথোস্কোপ |
| বিনোদন প্রযুক্তি | গ্যাসের চুলা |

**উত্তর :** কৃষি প্রযুক্তি —— ট্রাক্টর।

চিকিৎসা প্রযুক্তি —— স্টেথোস্কোপ।

খেলাধুলা প্রযুক্তি —— ফুটবল।

রান্নাঘরের প্রযুক্তি —— গ্যাসের চুলা।

বিনোদন প্রযুক্তি —— ভিডিও গেম।

**৬. নিচের শব্দগুলো ব্যবহার করে আধুনিক কৃষি প্রযুক্তি সম্পর্কে তিনটি বাক্য লেখ।**

| | | | |
|---|---|---|---|
| **রোগ** | **উন্নত** | **উচ্চ** | **শস্য** |
| **প্রতিরোধী** | **প্রযুক্তি** | **ফলনশীল** | |

**উত্তর :** শব্দগুলো ব্যবহার করে আধুনিক কৃষি প্রযুক্তি সম্পর্কে তিনটি বাক্য নিচে দেওয়া হলো।

১. উন্নত প্রযুক্তি ব্যবহার করে উচ্চফলনশীল শস্য উদ্ভাবন করা যায়।
২. রোগ প্রতিরোধী শস্য উৎপাদনে আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে।
৩. নিড়ানী যন্ত্র, রোপণযন্ত্র, সেচপাম্প ইত্যাদি কৃষিক্ষেত্রে ব্যবহৃত উন্নত প্রযুক্তি।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

**❑ শূন্যস্থান পূরণ কর।**

১) —— আমাদের জীবনকে উন্নত, সহজ ও আরামদায়ক করে।
২) বর্তমানে অনেক খেলাধুলায় —— ব্যবহার করা হয়।
৩) —— একটি সাধারণ চিকিৎসা যন্ত্র।
৪) —— প্রযুক্তির সাহায্যে একই গাছে বিভিন্ন রঙের ফুল উৎপন্ন করা হয়।
৫) ঘর সাজাতে বা পরিবেশের সৌন্দর্য বর্ধন করতে ব্যবহার করা হয়——।
৬) কম্পিউটার —— হচ্ছে একটি চিকিৎসা প্রযুক্তি।
৭) শরীরের ভেতরের অঙ্গসমূহ পরীক্ষা করতে ব্যবহৃত হয় ——।
৮) উন্নত প্রযুক্তি ব্যবহার করে উচ্চ —— শস্য উৎপাদন করা হয়েছে।
৯) রান্নাঘরের একটি প্রযুক্তি হলো ——।
১০) যন্ত্র বা কৌশল ব্যবহার করে পরিবেশ নিয়ন্ত্রণ ও প্রয়োজনীয় কাজ সমাধান করাই হচ্ছে ——।

**উত্তর :** ১) প্রযুক্তি, ২) ভিডিও ক্যামেরা, ৩) থার্মোমিটার, ৪) উদ্ভিদ প্রজনন, ৫) ফুল, ৬) টমোগ্রাফি, ৭) এক্স-রে মেশিন, ৮) ফলনশীল, ৯) গ্যাসের চুলা, ১০) প্রযুক্তি।

❑ **বাম পাশের অংশের সাথে ডান পাশের অংশের মিল কর।**

| | |
|---|---|
| প্রযুক্তি | করাত |
| রান্নাঘরের প্রযুক্তি | কম্পিউটার টমোগ্রাফি |
| বিনোদন প্রযুক্তি | আরামদায়ক |
| চিকিৎসা প্রযুক্তি | গ্যাসের চুলা |
| কৃষি প্রযুক্তি | কম্পিউটার |

**উত্তর :** প্রযুক্তি — আরামদায়ক।
রান্নাঘরের প্রযুক্তি — গ্যাসের চুলা।
বিনোদন প্রযুক্তি — কম্পিউটার।
চিকিৎসা প্রযুক্তি — কম্পিউটার টমোগ্রাফি।
কৃষি প্রযুক্তি — করাত।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ১ : দৈনন্দিন জীবনে প্রযুক্তি

➲ <u>সাধারণ</u>

১. **প্রযুক্তি আমাদের জীবনকে কীরূপ করেছে?** ক
ক সহজ খ উদ্দেশ্যহীন
গ জটিল ঘ ভবঘুরে

২. **গ্যাসের চুলা কী ধরনের প্রযুক্তি?** ক
ক বাসস্থানের প্রযুক্তি খ খেলাধুলার প্রযুক্তি
গ বিনোদন প্রযুক্তি ঘ চিকিৎসা প্রযুক্তি

৩. **নিচের কোন ক্ষেত্রে ভিডিও ক্যামেরা ব্যবহৃত হয়?** ক
ক খেলাধুলায় খ রান্নার কাজে
গ চিকিৎসায় ঘ কৃষিকাজে

৪. **খেলাধুলায় ব্যবহৃত হয় কোনটি?** গ
ক রেডিও খ টেলিভিশন গ বল ঘ কুকার

৫. **মাইক্রোওয়েভ ওভেন কোন ধরনের প্রযুক্তি?** ঘ
ক খেলাধুলার খ বিনোদনের
গ চিকিৎসার ঘ রান্নাঘরের

৬. **বিনোদনের অন্যতম প্রযুক্তি কোনটি?** গ
ক তবলা খ গিটার গ কম্পিউটার ঘ পিয়ানো

৭. **রোলার কোস্টার কোন ধরনের প্রযুক্তি?** খ
ক বাসস্থানের খ বিনোদনের
গ চিকিৎসার ঘ খেলাধুলার

৮. **কোনটি সাধারণ চিকিৎসা যন্ত্র?** ঘ
ক এক্স–রে মেশিন খ কম্পিউটার টমোগ্রাফি
গ আলট্রাসনোগ্রাফি ঘ স্টেথোস্কোপ

৯. **শরীরের ভেতরের অঙ্গা পরীক্ষার জন্য কোনটি ব্যবহৃত হয়?** ঘ
ক থার্মোমিটার খ স্টেথোস্কোপ
গ রক্তচাপ মাপার যন্ত্র ঘ কম্পিউটার টমোগ্রাফি

১০. **টেলিফোন কোন ধরনের প্রযুক্তি?** ক
ক বাসস্থানের খ খেলাধুলার
গ বিনোদনের ঘ চিকিৎসার

১১. **খাদ্য সংরক্ষণে আধুনিক প্রযুক্তির অংশ হিসেবে কোনটি ব্যবহার করা হয়?** ঘ
ক গুদাম ঘর খ বড় পাত্র
গ ছনের ঘর ঘ রেফ্রিজারেটর

১২. **থার্মোমিটার কী মাপতে ব্যবহৃত হয়?** ক
ক শরীরের তাপমাত্রা খ আলোক তীব্রতা
গ বায়ুর চাপ ঘ পানির ঘনত্ব

১৩. **কোনটির ছবি তুলতে এক্স–রে মেশিন ব্যবহার করা হয়?** ক
ক শরীরের হাড়ের খ কিডনির
গ ফুসফুসের ঘ লিভারের

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

**শিখনফল:** দৈনন্দিন জীবনে ব্যবহৃত বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে জানতে পারব।

১৪. **সোহেল মোবাইল ফোনে কথা বলছে। এটি কোন ধরনের প্রযুক্তি?** গ
ক চিকিৎসার খ কৃষির গ বাসস্থানের ঘ খেলাধুলার

১৫. **ঝুমা মেলায় গিয়ে নাগরদোলায় উঠল। এটি কোন ধরনের প্রযুক্তি?** ক

ক বিনোদনের খ খেলাধুলার গ চিকিৎসার ঘ বাসস্থানের

১৬. **মিনু রং পেনিসল দিয়ে ছবি আঁকল। এটি কোন ধরনের প্রযুক্তি?** গ

ক চিকিৎসার খ খেলাধুলার গ বিনোদনের ঘ বাসস্থানের

১৭. **আধুনিক চিকিৎসার একটি প্রযুক্তি হলো আল্ট্রাসনোগ্রাফি। এটা কী কাজে ব্যবহার করা হয়?** গ

ক শরীরের তাপমাত্রা পরিমাপের জন্য

খ হৃদযন্ত্রের কম্পন মাপার জন্য

গ শরীরের ভেতরের অঙ্গের ছবি নেওয়ার জন্য

ঘ শরীরের হাড়ের ছবির জন্য

১৮. **তোমার ছোট ভাই খেলাধুলা করতে গিয়ে হাত ভেঙে ফেলেছে। কোন প্রযুক্তি ব্যবহারের দ্বারা সেটা নিশ্চিত হওয়া যাবে?** ঘ

ক সিটিস্ক্যান খ থার্মোমিটার

গ স্টেথোস্কোপ ঘ এক্স-রে

১৯. **শফিকের বাবার খুব দামি একটা মোবাইল ফোন আছে। শফিক সে মোবাইল ফোনে সুযোগ পেলে গেম খেলে। শফিকের ব্যবহৃত প্রযুক্তিটি কোন ধরনের?** ক

ক বাসস্থানের খ কৃষির গ খেলাধুলার ঘ চিকিৎসার

২০. **নায়লা প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে হারমোনিয়াম বাজিয়ে সংগীত চর্চা করে। সে প্রতিদিন সকালে কী ধরনের প্রযুক্তি ব্যবহার করে?** খ

ক বাসস্থানের খ বিনোদনের

গ খেলাধুলার ঘ চিকিৎসার

২১. **ডাক্তার তোমার শরীরের ভেতরের অঙ্গাসমূহ পরীক্ষা করতে কোন যন্ত্রটি ব্যবহার করবেন?** গ

ক থার্মোমিটার খ স্টেথোস্কোপ

গ এক্স–রে মেশিন ঘ রক্তচাপ মাপার যন্ত্র

## ২ : কৃষিতে প্রযুক্তি

➲ <u>সাধারণ</u>

২২. **আধ্নিক এবং উন্নত কৃষি প্রযুক্তি কোনটি?** গ

ক থার্মোমিটার খ কম্পিউটার টমোগ্রাফি

গ দুধদোহন যন্ত্র ঘ কোদাল

২৩. **কৃষককে অল্প সময়ে অধিক ফসল উৎপাদনে সহায়তা করে?** ঘ

ক দুধদোহন যন্ত্র খ ফসল কাটার যন্ত্র

গ নিড়ানী যন্ত্র ঘ উন্নত জাতের শস্য

২৪. **ঘর সাজাতে এবং পরিবেশের সৌন্দর্য বর্ধনে ব্যবহৃত হয় কোনটি?** খ

ক কাপড় খ ফুল গ যন্ত্রপাতি ঘ বৈদ্যুতিক পাখা

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

**শিখনফল :** কৃষিকাজে প্রযুক্তির ব্যবহার সম্পর্কে জানতে পারব।

২৫. **আব্দুল মিয়া তার জমিতে গরু দিয়ে হালচাষ করে। অল্প সময়ে বেশি ফসল উৎপাদন করতে হলে তাকে এক্ষেত্রে নিচের কোনটি ব্যবহার করতে হবে?** গ

ক রোপন যন্ত্র খ ফসলকাটার যন্ত্র

গ ট্রাক্টর ঘ সেচপাম্প

২৬. **রাজুদের বাগানে একই গাছে অনেক রঙের ফুল ধরেছে। এটি কোন প্রযুক্তির কারণে সম্ভব হয়েছে?** ক

ক উদ্ভিদ প্রজনন খ কৃষি যান্ত্রিক

গ কৃষি রাসায়নিক ঘ ফসল উৎপাদন

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১. **প্রযুক্তি কী?**

**উত্তর :** যন্ত্র বা কৌশল ব্যবহার করে পরিবেশ নিয়ন্ত্রণ ও প্রয়োজনীয় কাজ সম্পাদন করাই হচ্ছে প্রযুক্তি।

২. **প্রযুক্তির উপকারিতা কী?**

**উত্তর :** প্রযুক্তি আমাদের জীবনকে আরও উন্নত, সহজ এবং আরামদায়ক করে।

৩. **বাড়িতে ব্যবহৃত পাঁচটি প্রযুক্তির নাম লেখ।**

**উত্তর :** বাড়িতে ব্যবহৃত পাঁচটি প্রযুক্তি হলো– ১) বৈদ্যুতিক বাতি ২) ইস্ত্রি ৩) টেলিভিশন ৪) রেডিও এবং ৫) মোবাইল ফোন।

৪. **মাইক্রোওয়েভ ওভেন কোন ধরনের প্রযুক্তি?**

**উত্তর :** মাইক্রোওয়েভ ওভেন রান্না করার প্রযুক্তি।

৫. **বিনোদনের জন্য কম্পিউটারের ব্যবহার কী?**

**উত্তর :** বিনোদনের জন্য কম্পিউটারের সাহায্যে বিভিন্ন ধরনের খেলা, সিনেমা বা নাটক দেখা এবং গান শোনা যায়।

৬. **সংগীতের ক্ষেত্রে ব্যবহৃত পাঁচটি প্রযুক্তির নাম লেখ।**

**উত্তর :** সংগীতের ক্ষেত্রে ব্যবহৃত পাঁচটি প্রযুক্তি হলো– ১) তবলা, ২) হারমোনিয়াম, ৩) গিটার, ৪) বেহালা ও ৫) পিয়ানো।

৭. **পাঁচটি উন্নত কৃষি প্রযুক্তির নাম লেখ।**

**উত্তর :** পাঁচটি উন্নত কৃষি প্রযুক্তির হলো– ১) ট্রাক্টর ২) রোপণ যন্ত্র ৩) সেচপাম্প ৪) ফসল কাটার যন্ত্র এবং ৫) দুধদোহন যন্ত্র।

**৮. কোন কাজে ফুল ব্যবহার করা হয়?**

**উত্তর :** ঘর সাজাতে বা পরিবেশের সৌন্দর্য বর্ধন করতে ফুল ব্যবহার করা হয়।

**৯. একই গাছে বিভিন্ন রঙের ফুল উৎপাদন করতে কোন প্রযুক্তি ব্যবহৃত হয়?**

**উত্তর :** একই গাছে বিভিন্ন রঙের ফুল উৎপাদন করতে উদ্ভিদ প্রজনন প্রযুক্তি ব্যবহার করা হয়।

**১০. আমাদের শরীরের ভেতরের অঙ্গসমূহ পরীক্ষা করার জন্য কোন প্রযুক্তি ব্যবহার করা হয়?**

**উত্তর :** আমাদের শরীরে ভেতরের অঙ্গসমূহ পরীক্ষা করার জন্য এক্স-রে মেশিন, ইলেকট্রো-কার্ডিওগ্রাম, আল্ট্রাসনোগ্রাফি এবং কম্পিউটার টমোগ্রাফি ইত্যাদি প্রযুক্তি ব্যবহার করা হয়।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

### ➲ সাধারণ

**১. প্রযুক্তি কী? বাসস্থানে প্রযুক্তির পাঁচটি অবদান লেখ।**

**উত্তর :** পরিবেশ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে কোনো যন্ত্রের উদ্ভাবন ও ব্যবহার করাকেই প্রযুক্তি বলে।

বাসস্থানে প্রযুক্তির পাঁচটি অবদান হলো−

১) বাসস্থানে বৈদ্যুতিক বাতি, রেডিও, টেলিভিশন ব্যবহার।
২) বাড়ির উঁচু তলায় সহজে ওঠার জন্য লিফট ব্যবহার।
৩) খাদ্য সংরক্ষণে রেফ্রিজারেটর ব্যবহার।
৪) ঘরের তাপমাত্রা নিয়ন্ত্রণে এসির ব্যবহার।
৫) কাপড় পরিপাটি রাখতে ইস্ত্রির ব্যবহার।

**২. উন্নত চিকিৎসায় প্রযুক্তির পাঁচটি ব্যবহার উল্লেখ কর।**

**উত্তর :** উন্নত চিকিৎসায় প্রযুক্তির পাঁচটি ব্যবহার উল্লেখ করা হলো−

১) থার্মোমিটারে রোগীর শরীরের তাপমাত্রা মাপা হয়।
২) হৃদযন্ত্রের কম্পন মাপার জন্য স্টেথোস্কোপ ব্যবহার করা হয়।
৩) হাড়ের ভাঙা অংশ দেখার জন্য এক্স-রে ব্যবহৃত হয়।
৪) শরীরের ভেতরের নানা অঙ্গের ছবি দেখার জন্য ডাক্তার আল্ট্রাসনোগ্রাফি ব্যবহার করেন।
৫) বিভিন্ন প্রকার অপারেশনে ছুরি, কাঁচি ইত্যাদি ব্যবহার করা হয়।

### ➲ যোগ্যতাভিত্তিক

**৩. ডানের চিত্রটি লক্ষ কর। প্রদর্শিত প্রযুক্তিটির নাম কী? প্রযুক্তিটি ব্যবহার করে তুমি যেসব কাজ করতে পারবে এ রকম পাঁচটি কাজের নাম উল্লেখ কর।**

**উত্তর :** প্রদর্শিত প্রযুক্তিটির নাম কম্পিউটার প্রযুক্তি।

প্রযুক্তিটি অর্থাৎ কম্পিউটারটি ব্যবহার করে আমি যেসব কাজ করতে পারি তা হলো−

১) ঘরে বসে গেমস খেলতে পারি।
২) বিভিন্ন প্রকার লেখালেখি করতে পারি।
৩) ছবি অঙ্কন করতে পারি।
৪) জটিল হিসাব সহজে সমাধান করতে পারি।
৫) পড়াশোনা-সংক্রান্ত বিভিন্ন তথ্য সংরক্ষণ করতে পারি।

**৪. ডানের চিত্রটি লক্ষ কর। চিত্রের যন্ত্রটি কোন প্রযুক্তি? এই ক্ষেত্রে ব্যবহৃত আরও চারটি প্রযুক্তির ব্যবহার লেখ।**

**উত্তর :** চিত্রের যন্ত্রটি কৃষি প্রযুক্তির।

কৃষিক্ষেত্রে ব্যবহৃত আর চারটি প্রযুক্তির ব্যবহার নিচে দেওয়া হলো-

১) নিড়ানি যন্ত্র জমি থেকে আগাছা পরিষ্কার করার জন্য ব্যবহৃত হয়।
২) সেচ পাম্প দিয়ে জমিতে পানি সেচ দেওয়া হয়।
৩) দোহনযন্ত্রের সাহায্যে গরুর দুধ দোহনের কাজ করা হয়।
৪) ফসল কাটার যন্ত্রের সাহায্যে জমি থেকে অল্প সময়ে অনেক ফসল কাটা যায়।